

স্মারক নং- ০৫.৪৫.৬১৮১.০০০.০৪.০০২.২২. ২২২

তারিখ:

০৬ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
২১ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরী শর্তাবলী) বিধিমালা ২০১১ এর বিধি ২ ও ৭ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি ৬ ও ৭ অনুসারে ফুলপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নের দফাদার পদে পদোন্নতির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	পদের নাম	পদ সংখ্যা	নিয়োগ পদ্ধতির ধরণ
ছনধরা	দফাদার	০১	পদোন্নতির মাধ্যমে নিয়োগ
রামভদ্রপুর		০১	
ভাইটকান্দি		০১	
ফুলপুর		০১	
রহিমগঞ্জ		০১	
বওলা		০১	

নিয়োগের শর্তাবলী:

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ফুলপুর, ময়মনসিংহ ও সভাপতি, দফাদার পদোন্নতি কমিটি বরাবরে =৩০০/- (তিনশত) টাকার পোস্টাল অর্ডারসহ (অফেরতযোগ্য) আবেদনপত্র দাখিল করতে হবে। খামের উপর নাম ও পদবী স্পষ্টভাবে উল্লেখ করতে পারে।
- ০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ২১/০৮/২০২২খ্রি. তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র www.phulpur.mymensingh.gov.bd এই ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ০৪। আবেদনপত্রের সাথে ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকদের সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত কপি, চাকুরীতে যোগদানের পত্র, সার্ভিস বইয়ের ফটোকপি, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র পত্রের ফটোকপি, প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও বিধি মোতাবেক অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।
- ০৫। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৬। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৭। আবেদনপত্র আগামী ০৫.০৯.২০২২খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত সশরীরে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- ০৮। আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ ব্যতিরেকে যেকোন সময় উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখেন।


(শীভেচ চন্দ্র সরকার)

উপজেলা নির্বাহী অফিসার

ফুলপুর, ময়মনসিংহ

ফোন: ০৯০৩৩-৫৬০০৫

unofulpur@mopa.gov.bd

মোবাইল: ০১৭৩৩-৩৭৩৩৪০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ
- ০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ

অনুলিপি: বহল প্রচারের জন্য

- ০১। উপজেলা.....অফিসার (সকল), ফুলপুর, ময়মনসিংহ
- ০২। চেয়ারম্যান.....ইউপি, ফুলপুর, ময়মনসিংহ। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি জনবহল স্থানে টানানো ও হাট/বাজারের ব্যাপক মাইকিং করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।



(শীতেশ চন্দ্র সরকার)

উপজেলা নির্বাহী অফিসার
ফুলপুর, ময়মনসিংহ

ফোন: ০৯০৩৩-৫৬০০৫

unofulpur@mopa.gov.bd

মোবাইল: ০১৭৩৩-৩৭৩৩৪০